গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.shniyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.২৯.১২৯.২২- ১৭১৪

তারিখ : ১২ এপ্রিল, ২০২৩ খ্রিঃ
২৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ

বিষয়: শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে আয়োজিত যুব সমাবেশ/ ২০২৩ সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের সম্ভাবনাময় যুবদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ক্ষমতায়ন এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়ন ও গঠনমূলক কর্মকান্ডে বৃহত্তর পরিসরে তাদের নিয়োজিত করার নিমিত্ত নিয়মিত কর্মসূচির অংশ হিসেবে প্রতি বছরের ন্যায় গত ২২ মার্চ, ২০২৩ তারিখে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট. সাভার, ঢাকায় দিনব্যাপি যুব সমাবেশ আয়োজন করা হয়।

২। যুব সমাবেশে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এম.পি, মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আখতার হোসেন, মুখ্য সমন্বয়ক(এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা, ড. মহিউদ্দীন আহমেদ, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জনাব মোঃ আজহারুল ইসলাম খান, মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, জনাব মোঃ নজরুল ইসলাম ও জনাব মোঃ মোস্তফা কামাল মজুমদার, অতিরিক্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। যুব সমাবেশে দেশের ৫৩টি জেলা থেকে ৭০০ জন যুব ও যুবনারী অংশগ্রহণ করেন। এছাড়াও আমন্ত্রিত অন্যান্য অতিথিসহ মোট অংশগ্রহণকারীর সংখ্যা ৮০০ জন।

৩। সমাবেশে 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে যুব সমাজকে গড়ে তোলার কর্ম কৌশল' বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইআইটি'র সহকারি অধ্যাপক জনাব আব্দুস সাত্তার। তিনি স্মার্ট বাংলাদেশের গুরুত্বপুর্ণ ৪টি পিলার ১। Smart Citizen ২। Smart Government ৩। Smart Society ও ৪। Smart Economy সম্পর্কে আলোচনা উপস্থাপন করে যুবদেরকে প্রযুক্তির উপর দক্ষ হওয়ার পরামর্শ প্রদান করেন।

৪। যুব সমাবেশে 'এসডিজি বাস্তবায়নে যুব সমাজের ভূমিকা' বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন প্রধান মন্ত্রীর কার্যালয়ের যুগ্মসচিব (এসডিজি বিষয়ক) জনাব মোঃ মনিরুল ইসলাম। তিনি SDG বিষয়ে যুবদের ধারণা প্রদান করেন এবং এ বিষয়ে যুবদের করনীয়, SDG বাস্তবায়নে এখন পর্যন্ত বাংলাদেশের অর্জন এবং ২০৩০ সাল নাগাদ আমাদের সামগ্রিক অগ্রগতির প্রক্ষেপণ উপস্থাপন করেন।

৫। সমাবেশে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় তাঁর বক্তব্যে যুব সম্প্রদায়ের উন্নয়নে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগ সম্পর্কে অবহিত করেন। তিনি প্রশিক্ষিত হয়ে আত্মকর্মী ও উদ্যোক্তা হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করতে যুবদের প্রতি আহবান জানান। বিশেষ অতিথিগণ যুব ও যুবনারীদের আধুনিক প্রযুক্তি ও কার্যকর শিক্ষায় শিক্ষিত হয়ে 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা পালনের জন্য উদ্বুদ্ধ করেন। সর্বশেষে সভাপতি হিসেবে নিম্নস্বাক্ষরকারী যুব ও যুব নারীদের দেশের কল্যাণে ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে একনিষ্ঠভাবে কাজ করার আহবান জানান। সমাবেশে আলোচনা পর্ব শেষে ২০২২-২০২৩ অর্থবছরে সম্পন্ন ০৩টি ডিপ্লোমা কোর্সের শ্রেষ্ঠ ০৩জন প্রশিক্ষণার্থীকে DG's Award প্রদান করা হয়।

বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি : যুব সমাবেশের আলোক চিত্র ০৮ কপি।

১২/৪/২০২৩


আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন-০২-২২৪৪২৬০৩০
ইমেইল- dgshniyd@shniyd.gov.bd


সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# যুব সমাবেশ ২০২৩ এর আলোকচিত্র


















